

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বাবুরহাট, চাঁদপুর।



দরপত্র বিজ্ঞপ্তি

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামালসমূহ ক্রয়/সরবরাহ এর জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	জামানতের পরিমাণ	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ
০১.	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	৫০০.০০	৪২০০০.০০	২৩/০১/২০১৯ খ্রিঃ তারিখ হতে	১৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
০২.	লাইনম্যান টুলস/লাইন টুলস	৫০০.০০	১৮৯০০.০০	১৩/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে)	

শর্তাবলী :

- আগ্রহী দরদাতাগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলে উল্লেখিত দরপত্র দলিলের মূল্য বাবদ (অফেরৎ যোগ্য) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর অফিস হতে অথবা জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, খলিশাডুলী, বাবুরহাট, চাঁদপুর এর অফিস হতে দরপত্রে উল্লেখিত সময় সীমার মধ্যে (২৩/০১/২০১৯ খ্রিঃ তারিখ হতে ১৩/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত) দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার সার্ভিস যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- সীলমোহরকৃত দরপত্রসমূহ উপরে বর্ণিত সময়সীমার (১৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা) মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, খলিশাডুলী, বাবুরহাট, চাঁদপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। খামের উপর সরবরাহকৃত মালামালের বিবরণ উল্লেখ থাকতে হবে। প্রতিটি দরপত্রের সাথে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলে উল্লেখিত পরিমাণ টাকার (ফেরৎ যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, দরপত্র দলিলে বর্ণিত সকল শর্ত ও নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে আনুষঙ্গিক সকল কাগজপত্র দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র নন রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।
- দরপত্রসমূহ আগামী ১৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর কার্যালয়ে এবং চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, খলিশাডুলী, বাবুরহাট, জেলা- চাঁদপুর-এ স্ব স্ব স্থানে একই সময়ে খোলা হবে।
- দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক অথবা সম্পূর্ণ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


জেনারেল ম্যানেজার

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

মোবাইল নং: ০১৭৬৯৪০২১৫২

ই-মেইল: chandpurpbs2@gmail.com

“ বিদ্যুৎ অপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি ”

  
মেহেদী হাসান  
এজিএম (প্রশাসন)  
চাঁদপুর পবিস ২